গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-৬

# মহান বিজয় দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় ভার্চুয়াল (Online) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আসাদুজ্জামান খান এমপি<br>মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | ঃ | ০১ ডিসেম্বর ২০২০<br>সকাল ১১.৩০ টা |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিত ও (Online) এ সংযুক্ত কর্মকর্তাবৃন্দের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট 'ক' । |

সভাপতি সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং সকল বীর শহীদ ও মুক্তিযোদ্ধাদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থা থেকে আগত এবং 'ভার্চুয়াল' ভাবে (Online) সংযুক্ত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন কোভিড-১৯ এর কারণে সরকারের স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সীমিত আকারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে মিল রেখে মহান বিজয় দিবস ২০২০ এর সকল অনুষ্ঠান ও কর্মসূচী যথাযথ এবং শান্তিপূর্ণভাবে উদ্‌যাপনে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যান্য বছর মহান বিজয় দিবসের অনুষ্ঠানসমূহ বৃহৎ পরিসরে আয়োজন করলেও এ বছর অতিমারী কোভিড-১৯ এর কারণে জনসমাগম এড়িয়ে ছোট পরিসরে ঘরোয়া পরিবেশে আয়োজন করাই যৌক্তিক হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতপরঃ তিনি সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগকে সভাটি পরিচালনার জন্য অনুরোধ জানান।

২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং 'ভার্চুয়াল' ভাবে (Online) সংযুক্ত সকল কর্মকর্তা ও ব্যক্তিবর্গকে আন্তরিক ধন্যবাদ ও মুজিববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন করে বলেন প্রত্যেক বছর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইন-শৃঙ্খলাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য সভা আহবান করা হয়। এরই ধারাবাহিকতায় অদ্যকার সভা অনুষ্ঠিত হচ্ছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মহান বিজয় দিবস-২০২০ আয়োজনের লক্ষ্যে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচিসমূহ যথাযথভাবে আয়োজনে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণসহ স্বাস্থ্যবিধি অনুসরণ বাধ্যতামূলক করতে হবে। অতপরঃ আলোচ্যসূচি অনুযায়ী বক্তব্য উপস্থাপনের জন্য সংশ্লিষ্টদের তিনি অনুরোধ জানান।

৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, প্রত্যেক বছর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হয়। এবছর অতিমারী কোভিড-১৯ এর কারণে মহান বিজয় দিবস এর কর্মসূচি সীমিত করা হয়েছে। তিনি সীমিত কর্মসূচি সভাকে অবহিত করেন এবং উহা যথাযথভাবে আয়োজনে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

৪। সভায় সচিব, সুরক্ষা সেবা বিভাগ, পুলিশ মহাপরিদর্শক, অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (এসবি), পুলিশ কমিশনার (ডিএমপি), অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (সিআইডি), ডিআইজি (ঢাকা রেঞ্জ), বিভাগীয় কমিশনার, ঢাকা এর প্রতিনিধি, প্রতিনিধি-র‌্যাব এবং 'ভার্চুয়াল' ভাবে (Online) সংযুক্ত সচিব (মেরিটাইম), পররাষ্ট্র মন্ত্রণালয়, মহাপরিচালক, আনসার ও ভিডিপি, মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জেলা প্রশাসক ঢাকা, পুলিশ সুপার, ঢাকা এবং বিজিবি, এনএসআই, ডিজিএফআই, সশস্ত্র বাহিনী বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়,সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, তথ্য মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা সিটি কর্পোরেশন উত্তর, ঢাকা সিটি কর্পোরেশন দক্ষিণ এর প্রতিনিধিগণসহ সংশ্লিষ্ট সকলে পৃথক পৃথকভাবে তাঁদের নিজ নিজ মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

৫। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্যসূচি | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | জাতীয় পতাকা উত্তোলন | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন নিশ্চিত করতে হবে। | মন্ত্রণালয় (সকল), বিভাগীয় কমিশনার (সকল), মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল), ডিআইজি, (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২. | একত্রিশবার তোপধ্বনি | সূর্যোদয়ের সাথে সাথে ঢাকাসহ দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচী শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, পুলিশ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৩. | জাতীয় স্মৃতিসৌধ সাভারে গমনাগমন ও পুষ্পস্তবক অর্পণকালীন নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ | (১) গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সড়ক পথে সাভার জাতীয় স্মৃতিসৌধে গমন ও প্রত্যাবর্তনকালীন নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের পর রাজনৈতিক দলের নেতৃবৃন্দ কর্তৃক পুষ্পস্তবক অর্পণের বিষয়টি সমন্বয় এবং গমনাগমনকালে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যবৃন্দ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাগণ যাতে নির্বিঘ্নে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণকরতঃ নিরাপদে প্রত্যাবর্তন করতে পারেন সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৪) পর্যাপ্ত সংখ্যক সিসি ক্যামেরা স্থাপনপূর্বক সকল স্থানে নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | পুলিশ অধিদপ্তর, জিওসি, (৯ পদাতিক ডিভিশন), ডিজিএফআই, কিউরেটর বঙ্গবন্ধু জাদুঘর, বিভাগীয় কমিশনার (ঢাকা), এনএসআই, এসএসএফ, র‍্যাব, রেঞ্জ ডিআইজি, ঢাকা রেঞ্জ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ কমিশনার, ডিএমপি, পুলিশ সুপার, ঢাকা, প্রধান নির্বাহী প্রকৌশলী, পিডব্লিউডি, প্রধান নির্বাহী প্রকৌশলী, সওজ। |
| ৪. | সার্বিক আইন শৃংখলা ও নিরাপত্তা নিশ্চিতকরণ | মহান বিজয় দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে সকল মেট্রোপলিটন এলাকা, জেলা সদর ও উপজেলা সদরে আইন-শৃংখলা ও নিরাপত্তা জোরদার করতে হবে এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল), রেঞ্জ ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৫. | ঢাকাসহ সমগ্র দেশে নিরাপত্তা | (১) মহান বিজয় দিবস ২০২০ উদ্‌যাপন উপলক্ষে ঢাকাসহ সমগ্র দেশে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ | পুলিশ অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), |

| | | | |
|---|---|---|---|
| | জোরদারকরণ | করতে হবে এবং গুরুত্বপূর্ণ স্থাপনা ও ভবনে নজরদারী বৃদ্ধি করতে হবে।<br>(২) নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় Demonstration এবং অনুষ্ঠানস্থলে আমন্ত্রিত অতিথি ও অভ্যাগতদের দেহ তল্লাশী করতে হবে। | মেট্রোপলিন পুলিশ কমিশনার (সকল), রেঞ্জ ডিআইজি (সকল), এনএসআই, এসবি, জেলা প্রশাসক (সকল), সকল পুলিশ সুপার (সকল) |
| ৬. | ধর্মীয় উপাসনালয়ে বিশেষ মোনাজাত/ প্রার্থনা | সুবিধামত সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে শহীদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা এবং অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়. ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যান ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যান ট্রাস্ট, খ্রিষ্টান ধর্মীয় কল্যান ট্রাস্ট, জেলা প্রশাসক (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৭. | রাস্তা/ড্রেন মেরামত, সংস্কারকরণ, স্পীড ব্রেকার চিহ্নিতকরণ ও তোরণ নির্মাণ | (১) ঢাকা হতে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত এবং স্মৃতিসৌধের আশেপাশের ড্রেন ও ফুটপাতসমূহ মেরামত ও সংস্কার, রাস্তাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা চিহ্ন স্থাপন এবং স্পীড ব্রেকারসমূহে ফ্লোরোসেন্ট রং এর মাধ্যমে চিহ্নিত করতে হবে।<br>(২) ঢাকা হতে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তায় তোরণ নির্মাণ সীমিত রাখা এবং রাস্তার উপর ওভারহেড তোরণ নির্মাণ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পুলিশ অধিদপ্তর, সড়ক ও জনপথ বিভাগ. গণপূর্ত বিভাগ, রেঞ্জ ডিআইজি, ঢাকা রেঞ্জ |
| ৮. | স্মৃতিসৌধ সজ্জিতকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা | সাভার জাতীয় স্মৃতিসৌধ ও এর আশেপাশের এলাকার রাস্তা-ঘাট পরিষ্কার-পরিচ্ছন্ন ও সজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর, সড়ক ও জনপথ বিভাগ, |
| ৯. | সাংস্কৃতিক অনুষ্ঠানসমূহে নিরাপত্তা নিশ্চিত করণ | (১) উন্মুক্ত স্থানে কোন অনুষ্ঠান আয়োজন করা যাবে না। স্বাস্থ্যবিধি অনুসরণ করে দিবসের কর্মসূচি অনুযায়ী বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক ঘরোয়াভাবে সাংস্কৃতিক অনুষ্ঠানসহ অন্যান্য যে কোন অনুষ্ঠান আয়োজনের পূর্বেই স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে।<br>(২) এসব অনুষ্ঠানস্থলে হ্যান্ড মেটাল ডিটেক্টরসহ সংশ্লিষ্ট সংস্থা ও আইন প্রয়োগকারী সংস্থাসমূহ কঠোর নজরদারির ব্যবস্থা গ্রহণ করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), মেট্রোপলিন পুলিশ কমিশনার, (সকল), রেঞ্জ ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), জেলা ও উপজেলা শিল্পকলা একাডেমী (সকল) |
| ১০. | উন্নতমানের খাবার পরিবেশন | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কারাগার, হাসপাতাল, এতিমখানা, ভবঘুরে কেন্দ্র, সরকারি ও বেসরকারি শিশু সদন, শিশু উন্নয়ন কেন্দ্র উন্নতমানের খাবার সরবরাহ করতে হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল |
| ১১. | অগ্নি নির্বাপনী গাড়ি মোতায়েন | সাভার জাতীয় স্মৃতিসৌধে ও অন্যান্য প্রযোজ্য স্থানে প্রয়োজনীয় জনবলসহ অগ্নি নির্বাপনী গাড়ি | সুরক্ষা সেবা বিভাগ, মহাপরিচালক, |

| | | | |
|---|---|---|---|
| | | মোতায়েন করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১২. | রেকার/ক্রেন মোতায়েন | প্রতি বছরের ন্যায় এবারও বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার এর সম্মুখস্থ হাইওয়ে পুলিশ ফাঁড়িতে রেকার/ক্রেন মোতায়েন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ. পুলিশ সুপার, ঢাকা |
| ১৩. | মাইক/ মাইক্রোফোন ব্যবহার সংক্রান্ত | সাভার জাতীয় স্মৃতিসৌধসহ অন্যান্য সরকারী অনুষ্ঠানস্থলের নিকটবর্তী এলাকায় অনুমতি ছাড়া কোনরূপ মাইক্রোফোন/মাইক ব্যবহার করা যাবে না। | বিভাগীয় কমিশনার (সকল), মেট্রোপলিন পুলিশ কমিশনার (সকল), রেঞ্জ ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) |
| ১৪. | মেডিকেল টীম গঠন | মহান বিজয় দিবসের অনুষ্ঠানস্থলে বিশেষভাবে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধ প্রাঙ্গণ ও ধানমন্ডি ৩২ নম্বরসহ জেলা ও উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক নার্স, চিকিৎসক ও চিকিৎসার সরঞ্জামাদিসহ মেডিকেল টিম গঠন করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, সিভিল সার্জন (সকল) |
| ১৫. | অতিমারী Covid-১৯ এর জন্য স্বাস্থ্য বিধি অনুসরণ | (১) মহান বিজয় দিবস ২০২০ এর সকল অনুষ্ঠানে সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।<br>(২) স্বাস্থ্য বিধি কঠোরভাবে অনুসরণ করার লক্ষ্যে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটগণ প্রয়োজনীয় সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবে এবং বিভিন্ন সংস্থায়/দপ্তরে নিয়োজিত নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করবেন। | পুলিশ অধিদপ্তর, মহাপরিচালক (র‍্যাব), জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |
| ১৬. | বাংলাদেশস্থ বিদেশী মিশনের রাষ্ট্রদূত/ কূটনৈতিকগণের সাভার জাতীয় স্মৃতিসৌধে গমনাগমন ও পুষ্পস্তবক অর্পণ | বাংলাদেশস্থ বিদেশী মিশনের কূটনৈতিকগণ কর্তৃক সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও গমনাগমনের বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয় এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয় করে আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করবেন এবং চাহিদা অনুযায়ী আইন-শৃঙ্খলা বাহিনী নিরাপত্তা নিশ্চিত করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পুলিশ অধিদপ্তর |
| ১৭. | বিবিধ ঃ | মহান বিজয় দিবস ২০২০ উদ্‌যাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি অনুসরণপূর্বক সকল কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল। | সংশ্লিষ্ট সকল |

সভাপতি কোভিড-১৯ অতিমারীর কারণে সরকার কর্তৃক জারিকৃত 'স্বাস্থ্যবিধি' অনুসরণ পূর্বক মহান বিজয় দিবস-২০২০ এর সকল অনুষ্ঠান সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে সংশিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, আইন-শৃঙ্খলা বাহিনী এবং সংস্থাসমূহকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে আবারো সকলকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-০৮/১২/২০২০ ইং
(আসাদুজ্জামান খান এমপি)
মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.২৩.০০১.২০১৮-৩৩৮

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৭
০৮ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব/সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রতিরক্ষা মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/ /স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/তথ্য মন্ত্রণালয়/সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬। জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা।
৭। মহাপরিচালক, কোস্ট গার্ড, ঢাকা।
৮। মহাপরিচালক, আনসার ও ভিডিপি সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৯। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
১০। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক, এসএসএফ, ঢাকা।
১৩। মহাপরিচালক, র‍্যাব ফোর্সেস, ঢাকা।
১৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
১৬। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৭। মহা-রিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
১৮। মহাপরিচালক/পরিচালক, জাতীয় যাদুঘর/বাংলা একাডেমি/শিল্পকলা একাডেমী/শিশু একাডেমী, ঢাকা।
১৯। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। বিভাগীয় কমিশনার, ......................................................(সকল)।
২১। পুলিশ কমিশনার, ......................................................(সকল)।
২২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
২৩। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা।
২৪। পুলিশ উপ মহাপরিদর্শক, ..............................................(সকল রেঞ্জ)।
২৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ঢাকা।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিদ্যুৎ বিতরণ কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, ১ - আব্দুল গণি রোড, ঢাকা।
২৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কারওয়ান বাজার, ঢাকা।
২৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)।
৩০। জেলা প্রশাসক, ...............................................................(সকল)।
৩১। পুলিশ সুপার, ...............................................................(সকল)।
৩২। সিভিল সার্জন, ঢাকা।
৩৩। উপজেলা নির্বাহী অফিসার ---------------------------(সকল)।
৩৪। অফিসার ইনচার্জ-------------------------------------(সকল)।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সদয় অবগতির জন্য।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (রাজনৈতিক-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

8.12.2020

(শাহে এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন ঃ ৯৫৭৬৩৩৮
Email :political6.mha@gmail.com